২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা
বিষয়: হিন্দু ধর্ম শিক্ষা
শ্রেণি : সপ্তম

(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা :

- বার্ষিক পরীক্ষার জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টণ ও প্রশ্নের ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বহুনির্বাচনী প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা, শিক্ষার্থীকে যেন ভেবে বা চিন্তা করে উত্তর দিতে হয়, এমন প্রশ্ন করতে হবে। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না;
- এক কথায় উত্তরের ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে);
- সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন... কী, উদাহরণ দাও, ইত্যাদি);
- বিস্তারিত উত্তর প্রশ্নের (প্রেক্ষাপট নির্ভর ছাড়া) পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে যেন উত্তর প্রদান করতে পারে, এমন হতে হবে;
- প্রেক্ষাপটনির্ভর প্রশ্নের ক্ষেত্রে, যা শিক্ষার্থী ইতিপূর্বে পাঠ্যপুস্তকে অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করেছে, তার আলোকে থাকবে, কিন্তু হবহু মিল থাকবে না; পরিস্থিতি নতুন হবে, এমন ধরনের প্রেক্ষাপট তুলে ধরতে হবে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কাজগুলোর মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, পরিস্থিতি বা প্রেক্ষিত ভিন্নধর্মী হবে;

(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যসূচি/সিলেবাস

ক্রমিক নম্বর	অধ্যায়ের নাম	পৃষ্ঠা
১	ঈশ্বরের স্বরূপ : নিরাকার ও সাকার	১৬ - ২৮
২	পূজা-পার্বণ, মন্দির ও তীর্থক্ষেত্র	৩৫ – ৫৬
	যোগাসন	৫৭ – ৬২
৩	নৈতিক মূল্যবোধ	৬৩ - ৭১
	আদর্শ জীবনচরিত (প্রভু নিত্যানন্দ, প্রভু জগদ্বন্ধু, ঠাকুর অনুকূল চন্দ্র)	৭৫ – ৭৯ ৮২ - ৮৫

(গ) মূল্যায়ন কাঠামো

শিখনকালীন	সামষ্টিক
৩০% (গুরুত্ব বা Weightage)	৭০% (গুরুত্ব বা Weightage)

(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

আইটেমের নাম (Item type)	নির্ধারিত নম্বর
অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (যেমন: লক্ষ্মী পূজার যেকোনো একটি আলপনা এক শিক্ষকের নিকট জমা দাও)	১০
অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন – (যেমন: কোনো একজন আদর্শ মহাপুরুষের কার্যক্রমে উদ্বুদ্ধ হয়ে মানবকল্যানমূলক প্রতিষ্ঠান করতে চাও তার কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করে একটি প্রতিবেদন জমা দাও)	১০
শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - (যেমন: অবতারবাদের ধারণা থেকে অবতারগণ কেন পৃথিবীতে অবতীর্ণ হন, তা ভাবনা থেকে লেখা	১০
মোট	৩০

(ঙ) বার্ষিক পরীক্ষার প্রশ্নের ধারা ও মানবণ্টন:

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

ক্রম	আইটেমের নাম	প্রশ্নের সংখ্যা	উত্তর দিতে হবে	প্রতি প্রশ্নের জন্য	মোট নম্বর	সময়

					বরাদ্দকৃত নম্বর		
১	নৈর্ব্যক্তিক প্রশ্ন	বহুনির্বাচনি প্রশ্ন	১৫	১৫	১	১×১৫=১৫	৩ ঘন্টা
		এক কথায় উত্তর	১০	১০	১	১×১০=১০	
২	সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন		১০	১০	২	২×১০=২০	
৩	রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)		৫	৩	৫	৫×৩=১৫	
৪	রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে		৭	৫	৮	৮×৫=৪০	
	মোট					১০০	

নমুনা প্রশ্নপত্র

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

বার্ষিক পরীক্ষা-২০২৪

বিষয়: হিন্দুধর্ম শিক্ষা

শ্রেণি : সপ্তম

সময়: ৩ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান-১০০

ক-বিভাগ

১. বহুনির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লেখ (১ থেকে ১৫ পর্যন্ত) প্রতিটি প্রশ্নের মান সমান। ১X১৫ =১৫

(১) শিল্প কর্মে নিযুক্ত ব্যক্তিগণ কোন পূজা করে থাকেন?

(ক) জগদ্ধাত্রী (খ) বিশ্বকর্মা

(গ) শীতলা (ঘ) গণেশ

(২) শ্রী হরি বামন রূপে কোন যুগে আবিভূত হয়েছিলেন?

(ক) সত্য (খ) ত্রেতা

(গ) দ্বাপর (ঘ) কলি

(৩) ভগবান বুদ্ধ শ্রী বিষ্ণুর কততম অবতার?

(ক) পঞ্চম (খ) অষ্টম

(গ) নবম (ঘ) দশম

(৪) লক্ষ্মী দেবীর বাহন কী?

(ক) হস্তি (খ) সিংহ

(গ) পেঁচা (ঘ) গরুড়

(৫) শিব দুর্গাকে কেন্দ্র করে অষ্টক গান কোন পূজায় অনুষ্ঠিত হয়?

(ক) চড়ক পূজা (খ) নীল পূজা

(গ) লক্ষ্মী পূজা (ঘ) নারায়ণ পূজা

(৬) রাধা কৃষ্ণের বিগ্রহ দোলায় চড়িয়ে কীর্তন গান সহকারে শোভাযাত্রা করা হয় কোন অনুষ্ঠানে?

(ক) চৈত্র সংক্রান্তি (খ) নীল পূজা

(গ) চড়ক পূজা (ঘ) দোলযাত্রা

(৭) কান্তজির মন্দিরে কোন বিগ্রহ আছে?

(ক) কালী (খ) দুর্গা

(গ) কৃষ্ণ (ঘ) শিব

(৮) অন্নপূর্ণা ঘাট কোন তীর্থক্ষেত্রের সাথে সম্পর্কিত?

(ক) লাঙ্গলবন্দ (খ) ওড়াকান্দি

(গ) কান্তজির মন্দির (ঘ) আদিনাথ মন্দির

(৯) শ্বাস প্রশ্বাস নিয়ন্ত্রণ করার পদ্ধতিকে কি বলে?

(ক) ধ্যান (খ) ধারণা

(গ) প্রাণায়াম (ঘ) প্রত্যাহার

(১০) শলভাসনের উপকারিতা কোনটি?

(ক) ডায়াবেটিস দূরীভূত হয় (খ) হাঁপানি দূর হয়

(গ) গ্যাস্টিক সমস্যা দূর হয় (ঘ) হৃদরোগ দূর হয়

(১১) রাজা দশরথের কাহিনী কোন মূল্যবোধের সাথে সম্পর্কিত?

(ক) দেশপ্রেম (খ) সত্যবাদিতা

(গ) ভ্রাতৃ প্রেম (ঘ) গুরু ভক্তি

(১২) বাকসিদ্ধ মহাপুরুষ কে?

(ক) প্রভু নিত্যানন্দ (খ) প্রভু জগদ্বন্ধু

(গ) স্বামী স্বরূপানন্দ (ঘ) ক্ষ্যাপা বাবা

(১৩) তুলসীপাতা কোন দেবতার খুব প্রিয়?

(ক) নারায়ণ (খ) লক্ষ্মী
(গ) শ্রী চণ্ডী (ঘ) জগদ্ধাত্রী

(১৪) পরিষ্কার পরিচ্ছন্নতার দেবী কে?
(ক) শ্রী চণ্ডী (খ) লক্ষ্মী দেবী
(গ) শীতলা দেবী (ঘ) জগদ্ধাত্রী দেবী

(১৫) প্রেম, ভক্তি ও কৃষ্ণ নাম আন্দোলনের পথিকৃত কে?
(ক) প্রভু জগদ্বন্ধু (খ) প্রভু নিত্যানন্দ
(গ) স্বামী স্বরূপানন্দ (ঘ) ঠাকুর অনুকূলচন্দ্র

২. এক কথায় উত্তর দাও (ক - ঞ) প্রতিটি প্রশ্নের মান সমান। **১X১০ =১০**

(ক) বিশ্ব ভুবনের স্থপতি কে?
(খ) কার্তিক মাসের শুক্লা নবমী তিথিতে কোন পূজা করা হয়?
(গ) বিষ্ণুর দশম অবতার কে?
(ঘ) শ্রদ্ধা নিবেদনের প্রক্রিয়াকে কি বলে?
(ঙ) শালগ্রাম শিলা রূপে কী পূজা করা হয়?
(চ) চৈত্র মাসের শেষ দিনটিকে কী বলে?
(ছ) হরি ঠাকুরের অনুসারীগণ কী নামে পরিচিত?
(জ) রামচন্দ্রকে কত বছরের জন্য বনে যেতে হয়েছিল?
(ঝ) প্রভু নিত্যানন্দের সর্বক্ষণের ভাবনা কী ছিলো?
(ঞ) মানুষের মধ্যে কোনো মানুষই ঘৃন্য বা অস্পৃশ্য নয় - এটি কোন মহাপুরুষের শিক্ষা?

খ-বিভাগ: রচনামূলক অংশ

৩. সংক্ষেপে উত্তর দাও (ক - ঞ) **(প্রতিটি প্রশ্নের মান ২)** ২X১০ =২০

(ক) ঈশ্বরের স্বরূপ বর্ণনা করো।
(খ) বিশ্বকর্মা পূজা কখন করা হয়?
(গ) পৃথিবীতে অবতারের আর্বিভাব কেন হয় দুটি কারণ লেখ।
(ঘ) পার্বন কাকে বলতে কী বোঝায়?
(ঙ) নারায়ণ পূজা কেন করা হয় দুটি কারণ লেখ।
(চ) নীলপূজা কী
(ছ) বৈসাবি উৎসব করা কখন পালন করে থাকে।
(জ) যোগাসন বলতে কী বোঝায়?
(ঝ) সত্যবাদী উপাখ্যানের শিক্ষাটি লিখ।
(ঞ) ঠাকুর অনুকুলচন্দ্রের একটি বাণী লেখ?

৪. যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও । (প্রতিটি প্রশ্নের মান ৫) ৩x৫ =১৫

(ক) জগদ্ধাত্রী দেবীর স্বরূপ বর্ণনা করো।
(খ) যোগের যে কোনো পাঁচটি অঙ্গ সম্পর্কে বর্ণনা করো।
(গ) প্রভু নিত্যানন্দের দুটি বাণীর তাৎপর্য লেখ।
(ঘ) শলভাষনের উপকারিতা বর্ণনা করো।
(ঙ) বেদের প্রকারভেদগুলো বর্ণনা করো।

৫. বর্ণিত দৃশ্যপটের আলোকে নিচের যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও **৫X৮=৪০**

ক. সোমা বললো শীতকাল চলে যাওয়ার সাথে সাথে তাদের গ্রামে অনেকেরই রোগ বালাই দেখা দিয়েছে তাই গ্রামবাসীরা মিলে একটা পূজার আয়োজন করেছে, সে উক্ত পূজার জন্য নিমপাতা সংগ্রহ কছে। রণি বললো তার বাড়িতে প্রতি বৃহস্পতিবার এক পূজা করা হয়। এছাড়াও বছরে একবার জাঁকজমকপূর্ণভাবে পূর্ণিমা তিথিতে প্রায় প্রতি ঘরে এই পূজা হয়ে থাকে।

(১) সোমাদের গ্রাসবাসীরা কোন পূজা আয়োজন করেছে তা বর্ণনা করো । ৩
(২) রনিদের বাড়িতে সম্পাদিত পূজা পারিবারিক ও ব্যক্তি জীবনে কি গুরুত্ব বহন করে তা বর্ণনা করো। ৫

খ. রত্নাদেবী শ্বাসকষ্টের রোগী, তিনি যে কোন আসন করোতে পরেন না, ক্লান্ত বোধ করেন। তাই তিনি এম একটা আসন করেন যে আসনে শরীরে যথেষ্ট বিশ্রাম হয়।

(১) রত্নাদেবী কোন আসন অনুশীলন করেন? ব্যখ্যা করো। ৩

(২) উক্ত আসনের অনুশীলন পদ্ধতি ও উপকারিতা বর্ণনা করো। ৫

গ. বাংলা বছরের শেষ দিন অরুনদের বাড়িতে ঘুড়ি উড়ানো উৎসব হয় এজন্য সে ঘুড়ি উড়ানো শিখছে। মলিনা জানালো বছরের শেষ ঋতুতে তাঁদের বাড়ি আবিরের উৎসবে মেতে ওঠে।

(১) অরুনদের বাড়িতে কোন উৎসব পালিত হয় তা বর্ণনা করো। ৩

(২) মলিনাদের পার্বনটির ধর্মীয় ও সামাজিক গুরুত্ব ব্যাখ্যা করো। ৫

ঘ. পলাশ একজন মহামানবের জীবনী পড়ছিলেন যিনি তথাকথিত সমাজের অবহেলিত ঘৃণ্য জনগোষ্ঠীর জন্য কাজ করেছেন।তাঁর কাছে সব মানুষই সমান, কেউ উঁচু কেউ নীচু নয়।

(১) দৃশ্যপটে বর্ণিত মহামানবের পরিচয় দাও। ৩

(২) সমাজ সংস্কারে উক্ত মহামানবের ভূমিকা বর্ণনা করো। ৫

ঙ. অমলের দাদু ঠিক করলেন, জীবনের শেষ বয়সে তিনি তীর্থ ভ্রমণ করে বেড়াবেন। চৈত্র মাসে তিনি সুনামগঞ্জে মহাবারুনী স্নান করেন। সেখানে একটি নদীতে পৃথিবীর সমস্ত তীর্থের পূণ্যজল রয়েছে। মানবজীবনে এ ধরনের তীর্থস্থান ভ্রমনের গুরুত্ব অপরিসীম।

(১) তীর্থে স্নান সম্পর্কিত তোমার পাঠ্য পুস্তকে উল্লিখিত তীর্থস্থানের বর্ণনা দাও। ৩

(২) "মানব জীবনে এ ধরনের তীর্থস্থান ভ্রমণের গুরুত্ব অপরিসীম"- বিশ্লেষণ করো। ৫

বি.দ্র: এভাবে আরো দুটি প্রশ্ন দিতে হবে।

১. বহুনির্বাচনী প্রশ্নের উত্তর

(১) (খ) বিশ্বকর্মা	(৯) (গ) প্রাণায়াম
(২) (ক) সত্য	(১০) (গ) গ্যাস্টিক সমস্যা দূর হয়
(৩) (গ) নবম	(১১) (গ) ভ্রাতৃ প্রেম
(৪) (গ) পেঁচা	(১২) (ঘ) ক্ষ্যাপা বাবা
(৫) (খ) নীল পূজা	(১৩) ক) নারায়ণ
(৬) (ঘ) দোলযাত্রা	(১৪) (গ) শীতলা দেবী
(৭) (গ) কৃষ্ণ	(১৫) (খ) প্রভু নিত্যানন্দ
(৮) (ক) লাঙ্গলবন্দ	

২. এক কথায় উত্তর প্রশ্নের উত্তর

(১) বিশ্বকর্মা	(৬) চৈত্রসংক্রান্তি
(২) জগদ্ধাত্রী	(৭) মতুয়া
(৩) কল্কিদেব	(৮) ১৪ বছর
(৪) পূজা	(৯) কৃষ্ণচিন্তা
(৫) নারায়ন পূজা	(১০) প্রভু জগদ্বন্ধু

৩. একটি দৃশ্যপটনির্ভর প্রশ্নের রুব্রিক্স ও মডেল উত্তর

ক. নমুনা প্রশ্ন: সোমা বললো শীতকাল চলে যাওয়ার সাথে সাথে তাদের গ্রামে অনেকেরই রোগ বালাই দেখা দিয়েছে তাই গ্রামবাসীরা মিলে একটা পূজার আয়োজন করেছে। সে উক্ত পূজার জন্য নিমপাতা সংগ্রহ করোছে। রণি বললো তার বাড়িতে প্রতি বৃহস্পতিবারই পূজা করা হয়। এছাড়াও বছরে একবার জাঁকজমকপূর্ণভাবে পূর্ণিমা তিথিতে প্রায় প্রতি ঘরে এই পূজা হয়ে থাকে।

(১) সোমাদের গ্রাসবাসীরা কোন পূজা আয়োজন করেছে তা বর্ণনা করো। ৩

(২) রনিদের বাড়িতে সম্পাদিত পূজা পারিবারিক ও ব্যক্তি জীবনে কি গুরুত্ব বহন করে তা বিশ্লেষণ করো। ৫

৫ (ক): নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
(১)	৩	সোমাদের গ্রামের পূজাকে শীতলাপূজা হিসেবে চিহ্নিত করে উক্ত পূজা সম্পর্কে বিস্তারিত বর্ণনা করলে
	২	শীতলা পূজা সংক্ষেপে বর্ণনা করলে
	১	সোমাদের গ্রামের পূজাকে শীতলাপূজা হিসেবে চিহ্নিত করলে
	০	উত্তর অপ্রাসঙ্গিক হলে

ক(২): রনিদের বাড়িতে সম্পাদিত পূজা পারিবারিক ও ব্যক্তি জীবনে কি গুরুত্ব বহন করে তা বিশ্লেষণ করো।

ক (২) নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	নম্বর	নম্বর প্রদান নির্দেশিকা
(২)	৫	রণিদের বাড়ির পূজাকে লক্ষীপূজা হিসেবে চিহ্নিত করে লক্ষ্মীপূজা পারিবারিক ও ব্যক্তি জীবনে কি গুরুত্ব বহন করে তার বিশ্লেষণ করলে
	৪	রণিদের বাড়ির পূজাকে লক্ষীপূজা হিসেবে চিহ্নিত করে লক্ষ্মীপূজা পারিবারিক ও ব্যক্তি জীবনে কি গুরুত্ব বহন করে তার আংশিক বিশ্লেষণ করলে
	৩	রণিদের বাড়ির পূজাকে লক্ষীপূজা হিসেবে চিহ্নিত করে তা ব্যাখ্যা করলে
	২	লক্ষ্মীদেবী / পূজার বর্ণনা করলে
	১	রণিদের বাড়ির পূজাকে লক্ষীপূজা হিসেবে চিহ্নিত করলে।
	০	উত্তর অপ্রাসঙ্গিক হলে

----.